# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৩৬/২০১৭-৩৬৮ তারিখ: জুলাই ০২, ২০২০

**জনাব এটিএম মাহবুবুল আলম**
**পরিচালক**
ইনটেক লিমিটেড
স্যুট - এ৫, বাড়ি # ২৫, সড়ক # ৪৭
গুলশান-২, ঢাকা-১২১২।

বিষয়: কমিশনের আদেশের কপি।

কমিশনের জুলাই ০২, ২০২০ তারিখের আদেশ নং বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৩৬/২০১৭-৩৪৮ আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হ'ল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

০২/০৭/২০২০

মো: রফিকুন্নবী
সহকারী পরিচালক

অবগতির জন্য অনুলিপি:

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, এসআরএমআইসি, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
৪। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৩৬/২০১৭-৫৪৮

তারিখ: জুলাই ০১ ২০২০

আদেশ

যেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ (১৯৬৯ সালের অর্ডিন্যান্স নং ১৭) এর ধারা ২(সিসি) মোতাবেক 'কমিশন' মানে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' যা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Intech Limited 'issuer'হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, Regulation 24 of DSE (Listing) Regulations, 2015 and CSE (Listing) Regulations, 2015 states the following-
24. Annual General Meeting:
(2) The issuer of listed equity securities shall hold their annual general meeting in each year of the Gregorian Calendar and the issuer shall hold discussions in its annual general meeting strictly in conformity with the provisions of the কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন);

যেহেতু, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ১৯৯৫ এর বিধি ৩(২) এর ক্ষমতাবলে জারীকৃত কমিশনের আদেশ নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৭৯/প্রশাসন/৬৪ তারিখ: ৭ ডিসেম্বর, ২০১৫ এর বর্ণনা নিম্নরূপ-
(১) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত প্রতিটি সিকিউরিটি ইস্যুকারী উহার কোন মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের তিরিশ মিনিটের মধ্যে কিংবা তথ্যটি উহার গোচরে আসার তারিখেই তাৎক্ষণিকভাবে উহার চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানি সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ (যদি উভয় এক্সচেঞ্জে তালিকাভুক্ত থাকে তবে একই সাথে উভয় এক্সচেঞ্জ) এর নিকট ফ্যাক্স ও বিশেষ বার্তাবাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করিবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজি) ও একটি অনলাইন (online) পত্রিকায় অবিলম্বে প্রকাশনা নিশ্চিত করিবে;

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 (now replaced by the new notification No.BSEC/CMRRCD/2009-193/217/Admin/90; dated May 21, 2019) এর বর্ণনা নিম্নরূপ-
....
b) Each director other than Independent/Nominated Director(s) of any listed company holding less than 2% (two percent) shares of the paid-up capital shall acquire the minimum required 2% (two percent) shares within 6 (six) months of issuance of the Notification No. SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011.

যেহেতু, Intech Limited -এর পরিচালনা পর্ষদ মে ১৭, ২০১২ সালের বার্ষিক সাধারণ সভার এজেন্ডায় ভিন্নখাতে ব্যবসা সম্প্রসারণ সংক্রান্ত বিষয় সাধারণ এজেন্ডার অধীনে আলোচনা করেছে যা কোম্পানি আইন, ১৯৯৪ এর ধারা ৫১ এর সিডিউল-১ এর পরিপন্থী;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

যেহেতু, Intech Limited -এর পরিচালনা পর্ষদ জুন ২৩, ২০১৪ সালের বার্ষিক সাধারণ সভার এজেন্ডায় কোম্পানির রিসোর্ট প্রজেক্টের বিনিয়োগ ফিরিয়ে আনা এবং 'কোথায়' প্রজেক্টে পুন:বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে মূল্য সংবেদনশীল তথ্য বিধি মোতাবেক যথাসময়ে প্রকাশে ব্যর্থ হয়েছে;

যেহেতু, Intech Limited -এর পরিচালনা পর্ষদ ডিসেম্বর ২২, ২০১৬ সালের বার্ষিক সাধারণ সভার এজেন্ডায় কোম্পানির রিসোর্ট প্রজেক্টের বিষয়ে মূল্য সংবেদনশীল তথ্য বিধি মোতাবেক যথাসময়ে প্রকাশে ব্যর্থ হয়েছে;

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 মোতাবেক কোম্পানির পরিচালকদের ন্যূনতম ২% শেয়ার ধারণের বাধ্যবাধকতা থাকলেও তা পালন করা হয়নি;

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক উপর্যুক্ত আলোচ্য বিষয়ে ব্যর্থতার কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের অক্টোবর ২৪, ২০১৮ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৩৬/২০১৭/৪৩৭ স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালক ও কোম্পানি সচিবকে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা ২৯ নভেম্বর, ২০১৮ইং তারিখে শুনানিতে উপস্থিত হয়ে পত্র নং IL/BSEC/SCH/2018-0145 এর মাধ্যমে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করে-

*"We want to submit, most respectfully, that we made no willful or intentional contravention of the conditions mentioned. Our failure to comply with these requirements was purely unintentional, and not driven by any motive to manipulate prices of our stock in the market.*

*Due to the small size of the company and limited resources at our disposal, sometimes we are unable to properly interpret and present the information in due time, as per your requirements. We humbly submit that:*

1. *Regarding Point # 1, we did not realize that the said matter should not have been discussed at the AGM; we felt that this was in course of our normal business, and as such, we wanted to discuss it in a forum where all shareholders were invited. We will not repeat the mistake in future.*
2. *Regarding Points # 2, 3 and 4, it is a misinterpretation on our part that we did not realize these matters would be considered as PSI.*
3. *Regarding Point # 5, kindly note that none of the Directors currently on the Board are Sponsor Directors, so the requirement of holding minimum 2% shares is not applicable for them. After the BSEC notification was published, none of the sponsors or directors have sold any of their shares, and the management are making efforts to increase their shareholding to 30%.*

*We hope you will accept our clarifications and pardon our unintentional mistake…."*

যেহেতু, ইস্যুয়ার কোম্পানির সংশ্লিষ্টরা আনীত অভিযোগের মধ্যে ১ নং অভিযোগটি স্বীকার করেছে, ২, ৩ ও ৪ নং অভিযোগের বিষয়ে তাদের ভুলভাবে তথ্য উপস্থাপন স্বীকার করার মাধ্যমে আইন ভঙ্গের বিষয় সমূহ প্রমাণিত হয়েছে এবং ৫ নং অভিযোগের বিষয়ে তাদের ব্যাখ্যার কোন আইনগত ভিত্তি উপস্থাপনে ব্যর্থ হয়েছে;

যেহেতু, উপর্যুক্ত আইন পরিপালনে ব্যর্থতাসমূহ সংগঠিত হওয়ার কারণে কোম্পানির সাধারন বিনিয়োগকারীরা কোম্পানির ব্যবসায়ের ধরণ, কার্যক্রমের প্রকৃত অবস্থা ও বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে মূল্য সংবেদনশীল তথ্য প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছেন;

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

যেহেতু, Intech Limited একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানির প্রতিনিধিত্বকারী, যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক বর্ণিত আইন পরিপালনে ব্যর্থতার কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানি একটি পাবলিক লিমিটেড কোম্পানি, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানির প্রতিনিধিত্বকারী, তারা প্রত্যেকে আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 **এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;**

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণ সহ প্রধান নির্বাহী কর্মকর্তার প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শাস্তি প্রদান করল-

(১) Intech Limited এর পরিচালক **জনাব এটিএম মাহবুবুল আলম** এর উপর ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

02/09/2020
খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:
১। **জনাব এটিএম মাহবুবুল আলম**, পরিচালক, ইনটেক লিমিটেড



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd